

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৯.০৮.৭১০.২২ নথির বিষয়: ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে সভা/কর্মশালা আয়োজন
নোট: ৫ নোটের বিষয়: “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়” বিষয়ে প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ৫.০ - তারিখ: ১৫/৪/২৪ ৬:১২ পূর্বাহ্ন

বিবেচ্য বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৩-২৪ অর্থ বছরের জন্য প্রণীত ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়” এর আলোকে প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা এবং উপব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা এর মধ্য স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) তে “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়” বিষয়ে ০২ (দুই) টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা পূরণের জন্য আগামী ২৭/০৫/২০২৪ ও ৩০/০৫/২০২৪ তারিখে অথবা সুবিধাজনক সময়ে সকাল ০৯.০০ হতে দুপুর ০১.০০ পর্যন্ত সময়ে উক্ত বিষয়ে ২টি প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণের জন্য জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ঢাকা এনভায়রনমেন্টালি সাসটাইনএবল ওয়াটার সাল্লাই প্রজেক্টে ও আহবায়ক, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম, ঢাকা ওয়াসা এর সাথে আলোচনাক্রমে প্রস্তুতকৃত খসড়া প্রশিক্ষণ কর্মসূচী এবং ৪০ (চল্লিশ) জন অংশগ্রহনকারীর তালিকা সদয় হয়ে দেখা যেতে পারে। প্রস্তাবিত তালিকায় উল্লিখিত কোন কর্মকর্তা উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে সম-পর্যায়ের অন্য কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হবে। উক্ত প্রশিক্ষণে “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়” বিষয়ে এক্সপার্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, ঢাকা এর প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীরকে বক্তা হিসেবে আমন্ত্রণ জানানো হবে।

সংযুক্তিসমূহ (২):

১। Program_Dnothi.pdf

২। Draft_PPs List.pdf

অনুচ্ছেদ ৫.১ - তারিখ: ১৫/৪/২৪ ৬:১৪ পূর্বাহ্ন

উক্ত প্রশিক্ষণ আয়োজনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	১৪,০০০/-	(১ সেশন ২০০০/- টাকা হারে + ২ সেশন ২৫০০/- টাকা হারে×২ টি কর্মশালা)
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	১২,০০০/-	(২ টি প্রশিক্ষণের ৪০ জন অর্ধ-দিবস ৩০০/- টাকা হারে)
(গ) দুপুরের খাবার ও চা নাস্তা	২৮,৬০০/-	(বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ২৬ জন ৫৫০/- টাকা হারে×২ টি কর্মশালা)
(ঘ) পানি	১,৬২০/-	(২ টি কর্মশালার জন্য আধা লিটার ১২ কেস ১৩৫/- টাকা হারে)
(ঙ) সেমিনার ফোল্ডার, নোটবুক ও কলম	১৪,০০০/-	(২ টি কর্মশালার জন্য ৪০ সেট ৩৫০/- টাকা হারে)
(চ) ফটোকপি ও বিবিধ	৩,০০০/-	২ কোর্সের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=৭৩,২২০/-	(কথায়ঃ টাকা তিয়াত্তর হাজার দুইশত বিশ মাত্র)

অনুচ্ছেদ ৫.২ - তারিখ: ১৫/৪/২৪ ৬:১৫ পূর্বাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

এমতাবস্থায়, উক্ত ০২টি প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত প্রতি ব্যাচে ২০ (বিশ) জন হিসেবে ৪০ (চল্লিশ) জন কর্মকর্তার মনোনয়ন, “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়”-শীর্ষক প্রশিক্ষণের কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ খাতের বরাদ্দ হতে সর্বমোট টাকা=৭৩,২২০/- (তিয়াত্তর হাজার দুইশত বিশ মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট টাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।

১৫/৪/২৪ ৬:৩৩ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

১৫/৪/২৪ ১২:০১ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

১৫/৪/২৪ ১:৫০ অপরাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

১৫/৪/২৪ ১:৫০ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ৫.৩ - তারিখঃ ২৬/৪/২৪ ৬:১৩ পূর্বাহ্ন

Okay

২৬/৪/২৪ ৬:১৩ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

২৬/৪/২৪ ১২:১৯ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

২৭/৪/২৪ ৬:৪৭ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা